

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১৬.১৯.১২৩

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৬

০৮ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৩৪০৯/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৭.০৩.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব আল হাজ্জ মো: সারওয়ার আলম খান আবু, চেয়ারম্যান, গভর্নিং বডি, গাংগাইর নজমুল ইসলাম ফাযিল (ম্নাতক) মাদ্রাসা, থানা: মধুপুর, জেলা: টাংগাইল এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৪০৯/২০১৯ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারীর আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী জনাব আল হাজ্জ মো: সারওয়ার আলম খান আবু কর্তৃক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ইআবি/প্রশা/ফা.গ.ব./ঢ-২২৭/২০১৫/৭৭৭৯, তারিখ: ২৫.০২.২০১৯ খ্রি:-কে চ্যালেঞ্জ করা হয়েছে। উক্ত স্মারক পত্রে রিট পিটিশন নং-১১৭৩০/২০১৮ এর আদেশ মোতাবেক অব্যাহতি প্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: মেদবাহ উদ্দিনকে স্থপদে বহাল করার জন্য উক্ত মাদরাসার সভাপতিকে অনুরোধ করা হয়। এর পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ইআবি/প্রশা/ফা.গ.ব./ঢ-২২৭/২০১৫/৭৭৭৯, তারিখ: ২৫.০২.২০১৯ খ্রি:-কে তর্কিত আখ্যায়িত করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৩৪০৯/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক নিম্নরূপ আদেশ দেয়া হয়েছে:

" Subject to disposal of the Rule Nisi, let operation of the letter vide Memo No. ইআবি/প্রশা/ফা.গ.ব./ঢ-২২৭/২০১৫/৭৭৭৯ dated 25.02.2019 issued under the signature of the Respondent No. 5, re-instating Respondent No.7 as principal of the Gangair Nazmul Islam Fazil Madrasha, modhupur, Tansail (Annexure-I), be stayed for a period of 6(six) months from date."

০৪. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে ২ নং রেসপনডেন্ট, উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. মামলাটিতে সরকারি স্বার্থ সংরক্ষনের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ পদক্ষেপ গ্রহণ প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৩৪০৯/২০১৯ মামলায় সরকার পক্ষ জবাব (Affidavit in opposition) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত কার্যক্রমের তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-১১-১১৯

ড. মো: মহতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

রেজিস্ট্রার

ইসলামি আর্ববি বিশ্ববিদ্যালয়

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১৬.১৯.১২৩/১(৭)

তারিখ: ২৪ অক্টো ১৪২৬
০৮ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



১৭-১১-১১৯

ড. মো: মহতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)